



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জনপ্রশাসন মন্ত্রণালয়

বিধি অনুবিভাগ

বিধি-২ শাখা

www.mopa.gov.bd



স্মারক নম্বর: ০৫.০০.০০০০.১৭১.০৪.০৪৪.২২.১৫৬

তারিখ: ১৭ ভাদ্র ১৪২৯

০১ সেপ্টেম্বর ২০২২

বিষয়: স্থাপত্য অধিদপ্তরে কর্মরত 'অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক', 'কম্পিউটার মুদ্রাক্ষরিক' এবং 'অফিস সহকারী' পদ হতে 'উচ্চমান সহকারী' পদে পদোন্নতির নিমিত্ত সমন্বিত জ্যেষ্ঠতা নির্ধারণ।

সূত্র: স্মারক নং- ২৫.০৫.০০০০.০১৪.১৫.০১৮.১০(অংশ-১)-২৭৩ তারিখঃ ৩১.০৭.২০২২ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে নিম্নরূপ মতামত প্রদান করা হলোঃ

স্থাপত্য অধিদপ্তরে কর্মরত ১৬তম বেতন গ্রেডভুক্ত 'অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক' এবং 'অফিস সহকারী' পদ হতে 'উচ্চমান সহকারী' পদে পদোন্নতির নিমিত্ত সমন্বিত জ্যেষ্ঠতা "নন-ক্যাডার কর্মকর্তা ও কর্মচারী (জ্যেষ্ঠতা ও পদোন্নতি) বিধিমালা, ২০১১ এর বিধি ৪(২) অনুযায়ী সংশ্লিষ্ট শ্রেণির (গ্রেড ১৩-১৭) (পূর্বতন ৩য় শ্রেণির) প্রারম্ভিক পদে নিয়মিত যোগদানের তারিখের ভিত্তিতে নির্ধারিত হবে। উক্ত তিন পদে কর্মরত কর্মচারীগণ সরাসরি নিয়োগের মাধ্যমে ১৬তম গ্রেডের পদে নিয়োগপ্রাপ্ত বিধায় উক্ত গ্রেডের পদই প্রারম্ভিক পদ হিসেবে বিবেচিত হবে। প্রারম্ভিক পদে নিয়োগপ্রাপ্ত কর্মচারীদের যোগদানের তারিখ একই হলে উক্ত বিধিমালার বিধি ৪(১)(খ) এর আলোকে তাদের পারস্পরিক জ্যেষ্ঠতা বয়সের জ্যেষ্ঠতার ভিত্তিতে নির্ধারিত হবে এবং বয়স একই সমান হওয়ার ক্ষেত্রে নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা অর্জনের শিক্ষা বর্ষের ভিত্তিতে নির্ধারিত হবে।

১৭

১-৯-২০২২

মাহফুজা আকতার

উপসচিব

ফোন: ৯৫৪০১৯৮

ইমেইল: reg2@mopa.gov.bd

সচিব

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়